# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**www.rajshahieducationboard.gov.bd**

স্মারক নম্বর- রাশিবো/মাধ্য-১/পনি-৮২ তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০১৮

**বিষয়: ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার প্রশ্ন ফাঁস রোধ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে চলমান রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সকল কেন্দ্র সচিব এবং সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ(সরকারি মাধ্যমিক-১) এর স্মারক নম্বর- ৩৭.০০.০০০০.০৩১.০৮.০১২.১৬-১২৫ তারিখ- ০৪/০২/২০১৮ মাধ্যমে জারিকৃত এতদসঙ্গে সংযুক্ত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

৬/২/১৮

**সংযুক্ত**

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পরিপত্র এক পৃষ্ঠা

**প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং ৪৩৩৬**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
ফোন ০৭২১-৭৭৬২৩১
email: controller@rajshahieducationboard.gov.bd

**কার্যার্থে বিতরণ**

১. জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী
২. উপজেলা নির্বাহী অফিসার(সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. কেন্দ্র সচিব(সকল), এসএসসি পরীক্ষা ২০১৮, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে** *(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৪. সচিব/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক(হিসাব ও নিরীক্ষা), রাজশাহী শিক্ষা বোর্ড
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)(সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী
৬. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৭. জেলা শিক্ষা অফিসার(সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১১. তথ্য ও গণসংযোগ অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
১২. অফিস নথি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০১২.১৬-১২৫

তারিখ : ২২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ
০৪ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়: ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) পরীক্ষার প্রশ্ন ফাঁস রোধ ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ।**

চলমান মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) পরীক্ষার প্রশ্ন ফাঁস রোধ ও সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে জাতীয় মনিটরিং ও আইন-শৃঙ্খলা সংক্রান্ত কমিটির অদ্য ০৪ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা ও উপজেলা প্রশাসন, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সকল শিক্ষা বোর্ডসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো:

ক) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করতে হবে;

খ) পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিটের অধিক সময়ের পূর্বে কোনক্রমেই প্রশ্নপত্রের প্যাকেট খোলা যাবে না। কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট/ সরকারি কর্মকর্তা, পুলিশ কর্মকর্তা ও কেন্দ্র সচিবের উপস্থিতিতে এবং "প্রশ্নপত্রের প্যাকেট সিলগালা অবস্থায় অক্ষত রয়েছে" মর্মে তাঁদের প্রত্যয়নক্রমে বিধি মোতাবেক প্যাকেট খোলা নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয় ঘটলে কেন্দ্র সচিব ব্যক্তিগতভাবে দায়ী হবেন;

গ) মোবাইল বা অন্য কোন প্রকার অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার্থী, শিক্ষক-কর্মচারী, কর্মকর্তা কিংবা অন্য কেউ কেন্দ্রে প্রবেশ করতে পারবে না। শুধু কেন্দ্র সচিব একটি সাধারণ মোবাইল ফোন (ছবি তোলা বা ইন্টারনেট ব্যবহার অনুপযোগী) ব্যবহার করতে পারবেন। মোবাইলফোন অথবা অননুমোদিত ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশকারীকে তাৎক্ষণিক গ্রেফতারপূর্বক তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ) নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ট্রেজারী / নিরাপত্তা হেফাজত হতে সকল পরীক্ষা কেন্দ্রের প্রশ্নপত্র গ্রহণ করতে হবে এবং প্রশ্নপত্র কেন্দ্রে পৌছাতে হবে। কেন্দ্রের সংখ্যাধিক্য বা অন্য কোন কারণে পর্যাপ্ত নির্বাহী ম্যাজিস্ট্রেট না থাকলে একজন নির্ভরযোগ্য ও দায়িত্বশীল কর্মকর্তাকে বর্ণিত কাজে নিয়োগ করতে হবে;

ঙ) প্রশ্নপত্র ফাঁসের সাথে জড়িত ব্যক্তি/ প্রতিষ্ঠানকে ধরিয়ে দিতে পারলে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে (যিনি বা যারা ধরিয়ে দিবেন) ০৫(পাঁচ) লক্ষ টাকা পুরস্কার প্রদান করা হবে, এক্ষেত্রে তথ্য প্রদানকারীর তথ্যাদি গোপন রাখা হবে;

০৪/০২/২০১৮

(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৬৭৮০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ, (সকল)।
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,........................... (সকল)।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল), ............................. জেলা।

**অনুলিপি:**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়।
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/স. মাধ্য.)-এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।